নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (১) ধারা মোতাবেক

জজ, অর্থঋণ আদালত নং-১ ঢাকা।

অর্থজারী মামলা নং- ১১৫/২০২২

সোনালী ব্যাংক লিঃ স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার।

................ডিক্রীদার।

-বনাম-

১। **"পদ্মা পলিকটন নীট ফেব্রিক্স লিঃ"** পক্ষে ব্যবস্থাপনা পরিচালক- মিসেস পারভীন সুলতানা খান, যার প্রকল্প ঠিকানা- ১৩১, তেজগাঁও শিল্প এলাকা, থানা- তেজগাঁও, জেলা- ঢাকা- ১২০৮। যার অফিস ঠিকানা- ইউনুস ট্রেড সেন্টার, লেভেল- ২০,৫২-৫৩, দিলকুশা বা/এ, থানা- মতিঝিল, জেলা- ঢাকা- ১০০০।

২। **মিসেস পারভীন সুলতানা খান,** স্বামী- খান মোহাম্মদ আমীর, পিতা- মৃত মাহতাব উদ্দিন, মাতা- মোসাম্মৎ মাহমুদা খাতুন, ঠিকানা- বাড়ী নং- ১৪, রোড নং- ৪৮, গুলশান-২, থানা- গুলশান, জেলা- ঢাকা-১২১২, ব্যবস্থাপনা পরিচালক, **"পদ্মা পলিকটন নীট ফেব্রিক্স লিঃ"**।

৩। **খালেকুজ্জামান চৌধুরী,** পিতা- মৃত আনোয়ারুজ্জামান চৌধুরী, মাতা- মোসাম্মৎ মোকসেদা খানম, ঠিকানা- ৯৮/এ গ্রীন রোড, থানা- তেজগাঁও, জেলা- ঢাকা-১২০৫। পরিচালক, **"পদ্মা পলিকটন নীট ফেব্রিক্স লিঃ"**।

৪। **মিসেস রুখসানা আমীর,** স্বামী- খান মোঃ আমীর, পিতা- এ,কে, রিয়াজ উদ্দিন আহমেদ, মাতা- মিসেস জাহানারা আহমেদ, ঠিকানা- বাড়ী নং- ১৪, রোড নং-৪৮, গুলশান-২, থানা- গুলশান, জেলা- ঢাকা-১২১২। পরিচালক- **"পদ্মা পলিকটন নীট ফেব্রিক্স লিঃ"**।

৫। **খান মোহাম্মদ আমীর,** পিতা- মরহুম আলহাজ্ব ইউনুছ খান, ঠিকানা- বাড়ী নং- ১৪, রোড নং- ৪৮, গুলশান-২, থানা- গুলশান, জেলা- ঢাকা-১২১২, জামিনদাতা- **"পদ্মা পলিকটন নীট ফেব্রিক্স লিঃ"**।

................দায়িকগন।

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকের নিকট থেকে ডিক্রীদার ব্যাংকের নিকট বিগত **২৮/০২/২০২২ ইং তারিখ পর্যন্ত ১৯৫,২৮,২৩,১৩৪.৪৫/- (একশত পঁচানব্বই কোটি আটাশ লক্ষ তেইশ হাজার একশত চৌত্রিশ দশমিক চার পাঁচ) টাকা মাত্র** আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আগামী .... ইং তারিখ নিম্নরুপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রি করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। আগামী ২৫/০২/২৪ ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করিতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৪। প্রত্যেক দর দাতা উদ্ধৃত্ত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত্ত দর-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ-৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকার জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার **জজ ও অর্থঋণ আদালত-১, ঢাকা** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৫। দর দাতা অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হইবার ৬০(ষাট) দিবসের মধ্যে

এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হইবার ৯০(নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৬। দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিন অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণ বা তাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৭। দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। নিম্ন তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহণ করতে হবে।

৯। উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দর দাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

১০। কৃতকার্য দর দাতাদের অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিলামে অংশগ্রহণ ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

বন্ধকীতব্য সম্পত্তির তফসিল

"তফসিল-ক"

জেলা- ঢাকা, থানা- সাবেক তেজগাঁও হালে- গুলশান, মৌজা- ভোলা সামাইর, রাজউক কর্তৃক তৈরি গুলশান মডেল টাউনের লে-আউট প্ল্যানের অন্তর্গত ব্লক নং- সি ডব্লিউ এন (এ), প্লট নং- ১৪, রোড নং- ৪৮, জমির পরিমান কম বেশি ১(এক) বিঘা ৩(তিন) কাঠা ৫ (পাঁচ) ছটাক এবং তদুপরিস্থিত নির্মিত ইমারত ইত্যাদিসহ। (যার মালিক- খান মোহাম্মদ আমির)।

"তফসিল-খ"

জিলা- ঢাকা, থানা- তেজগাঁও, মৌজা- বেগুনবাড়ী হালে তেজগাঁও শিল্প এলাকা স্থিত খতিয়ান নং- সি এস- ১৮,২ এস এ- ১১৫, ১৪৩, ৭১, ১৩৪, ১১৭, ১০৬, আর এস- ১৭০, ২৪৬, ১৬০, ২১৫, ২৩০, ৩১২, দাগ নং- সি এস- ১৪৩/১৮৪, ১৪৩, এস এ- ২০৯/২৯৮, ২০৮, ২১০, ২০৯/২৯৩, ২০৯, আর এস- ২৯০৪, ২৯০৫, ২৯০৮, ২৯০৯, ২৯১৩, ২৯০৬, ২৯০৭, ২৯১৪, ২৯১৫, মহানগর জরিপ- ৬৪২২, ৬৪২৩, ৬৪২৫, ৬৪২৭, ৬৪২৫/৬৪৩৪, ৬৪২৪, ৬৪৩০, ৬৪১৮, ৬৪২৯, জমির পরিমান- ৬৫.৪২৫০ (পয়ষট্টি দশমিক চার দুই পাঁচ শূণ্য) শতাংশ এবং তদস্থিত নির্মিত ভবন এবং স্থাপিত যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ, প্রাথমিক মজুদ মালামাল, ষ্টোর্স এন্ড স্পেয়ার্স ইত্যাদিসহ। (যার মালিক- "পদ্মা পলিকটন নীট ফেব্রিক্স লিঃ")

আদালতের আদেশক্রমে-

সেরেস্তাদার

জজ ও অর্থঋণ আদালত নং-১, ঢাকা।